আগ্রহী কমিউনিটির বা সম্প্রদায়ের বিবৃতি

কমিউনিটি সদস্যদের জন্য একটি কার্যতালিকা

পুনঃ জেলাকরণশুনানিতে “স্বার্থযুক্ত কমিউনিটি” বা আগ্রহী সম্প্রদায় বিষয়ে অন্যদের সামনে বক্তব্য তুলে ধরা হলো আসন্ন পরবর্তী দশকের জন্য আপনার কমিউনিটির ডিস্ট্রিক্ট মানচিত্রের আকার নির্ধারণের একটি শক্তিশালী উপায়। সামান্য কিছু প্রস্তুতির মাধ্যমে এটি অর্জন করা যেতে পারে।

কল্পনা করুন আপনার কোন এক বন্ধুর কাছে আপনার কমিউনিটির বর্ণনা দিচ্ছেন যিনি সেখানে স্থানান্তরিত হতে চান।

আপনার কমিউনিটি হতে পারে আপনার ব্লক, আপনার প্রতিবেশি সমিতি, কিংবা সেসব অভিভাবকদের নেটওয়ার্ক যারা তাদের সন্তানদের একই স্কুলে পাঠান কিংবা ক্ষুদ্র কোন একটি লীগ–এ অংশগ্রহণ করছেন । । অথবা, এটি খুবই বিস্তৃত হতে পারে। যেমন, আপনার শহরে বা কাউন্টিতে সবাই আপনার মতই একই ভাষায় কথা বলে, প্রত্যেকে যারা ভাড়া বাড়িতে থাকেন এবং বিল শোধ করার জন্য প্রাণান্ত করেন, অথবা প্রত্যেকে শহরের কোন এক অংশে যারা অল্প–বিনিয়োগ এবং অপর্যাপ্ত সেবার যন্ত্রণায় ভোগেন।

স্বার্থযুক্ত কমিউনিটি বা আগ্রহী সম্প্রদায় বলতে কী বুঝায়?

স্বার্থযুক্ত কমিউনিটি বলতে আপনার কমিউনিটিকেই বুঝায়। এটি হতে পারে কোন পাড়া, নেটওয়ার্ক কিংবা কোন জনসমষ্টি, কমিউনিটিতে যাদের একই উদ্দেশ্য রয়েছে এবং একটি গ্রুপে একই ডিস্ট্রিক্টে একসাথে থাকলে তারা উপকৃত হবে। একটি সহজ ব্যাখ্যা খুঁজে নেয়ার চিন্তা করুন, আপনি এবং আপনার প্রতিবেশি কোন জিনিসটি একইভাবে করে থাকেন, কোন জিনিস আপনার কমিউনিটিকে একক বৈশিষ্ট্যপূর্ণ করে তোলে আশেপাশের অন্যান্য কমিউনিটির তুলনায়। মনে রাখবেন – আপনিই হচ্ছেন আপনার কমিউনিটির একজন বিশেষজ্ঞ!

স্বার্থযুক্ত কমিউনিটি কেন গুরুত্বপূর্ণ?

স্বার্থযুক্ত কমিউনিটিকে বা সম্প্রদায়কে একসাথে রাখা ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের বা **পুনঃ জেলাকরণ এর একটি গুরুত্বপূর্ণ নীতি। এটি বিশেষভাবে** উপযোগী হতে পারে সেসব কমিউনিটির জন্য যাদেরকে প্রথাগতভাবে রাজনৈতিক প্রক্রিয়া থেকে দূরে রাখা হয়েছে। কমিউনিটি বা সম্প্রদায়ের সদস্যগণ তাদের কমিউনিটি বা সম্প্রদায় সংজ্ঞায়িত করতে পারেন ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাস বা **পুনঃ জেলাকরণ** প্রক্রিয়াকে নেতৃত্বদানকারী সীমানারেখা অংকনকারীদের কাছে।

ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাস বা **পুনঃ জেলাকরণ** প্রক্রিয়ার স্বার্থযুক্ত কমিউনিটিগুলোকে অখণ্ডিত রাখা আপনার – রাজ্যে ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের নির্ণায়ক নীতি অথবা আদালতসমূহে একটি প্রাসঙ্গিক বিবেচনার বিষয় হতে পারে। এই কার্যতালিকা আপনাকে ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাস বা **পুনঃ জেলাকরণ** কমিটির কাছে মৌলিক উপাদানগুলোর মাধ্যমে আপনার কমিউনিটিকে বর্ণনা করার উপায় দেখাতে পারে, যেটি হতে পারে আপনার সিটি কাউন্সিল, বোর্ড অব সুপারভাইজারস, কিংবা স্কুল ডিস্ট্রিক্ট, স্টেট লেজিসলেচার, অথবা ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাস কমিশন এর সামনে।

ইঙ্গিত: জেনে নিন কে আপনার ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের দায়িত্বে রয়েছে। খোঁজ নিয়ে দেখুন কথা বলার কোন সময়সীমা আছে কী না। সে অনুযায়ী পরিকল্পনা করুন।

নমুন লিপি

হ্যালো, আমার নাম ____________________________________. আমি I have ______________________________
র **[কমিউনিটি/সিটি]**তে বিগত ________ বৎসর যাবৎ **[বাস/কাজ করেছি]** । আমি আমার কমিউনিটি **[কমিউনিটির নাম]**কে একীভূত রাখতে চাই।

[আপনার কমিউনিটির বর্ণনা দিন...]

____

____

____

____

____

আপনার কমিউনিটির নাম বলুন। আপনাদের সাধারণ স্বার্থ ও সাধারণ বৈশিষ্ট্য উল্লেখ করে আপনার কমিউনিটির বর্ণনা দিন। এতে থাকতে পারে আপনার কমিউনিটিতে বাসরত মানুষের বর্ণনা, আপনার কমিউনিটির ইতিহাস ও সংস্কৃতি বিষয়ক ঘটনা, অথবা আপনার কমিউনিটির বিশেষ প্রয়োজন। আপনার কমিউনিটির বর্ণনা দেয়ার কোন সঠিক বা ভুল পদ্ধতি নেই। শুধু নিশ্চিত করুন বলার জন্য যে **আপনার কমিউনিটির মানুষের মধ্যে বন্ধন সৃষ্টি করেছে কোন ব্যাপারটি**। এই প্রশ্নগুলো নিয়ে চিন্তা করুন যখন আপনি আপনার স্বার্থযুক্ত কমিউনিটিকে বর্ণনা করার চেষ্টায় করছেনঃ

- আপনার কমিউনিটিতে কারা বাস করেন?
- জীবন-জীবিকার জন্য তাঁরা কী ধরনের কাজ করেন?
- কোন ধরনের বাসস্থান সেখানে কমন?
- কী ধরনের সরকারি সেবা মানুষের প্রয়োজন?
- মানুষ অংশগ্রহন করছে এমন সামাজিক বা নাগরিক গ্রুপ কী রয়েছে?
- সেখানে কি কি গুরুত্বপূর্ণ স্থান রয়েছে যেখানে মানুষ একত্রিত হয়, যেমন কমিউনিটি সেন্টার, স্কুল, গির্জা, উপাসনালয়, পাড়ার সমিতি, অথবা পার্ক?
- স্থানীয় রাজনৈতিক ইস্যুতে আপনাদের কী কোন সাধারণ স্বার্থ রয়েছে, যেমন স্কুল ফান্ডিং, হাসপাতালে ভর্তির অধিকার, স্বাস্থ্য বা পরিবেশগত সমস্যাদি, কিংবা অন্যান্য ইস্যু।
- আপনাদের কি একই বর্ণ বা জাতিস্বত্তা রয়েছে? ইমিগ্রেশন বা অভিবাসী সংক্রান্ত সমস্যা? যোগাযোগের ভাষা?
- আপনার কমিউনিটির কী কোন আর্থ-সামাজিক বৈশিষ্ট্য রয়েছে, যেমন আয় বা শিক্ষার স্তর?
- আপনার পাড়ায় কী কোন উৎসব অথবা ঐতিহ্য রয়েছে, যেমন, স্ট্রিট ফ্যাস্টিভ্যাল অথবা প্যারেড, ইত্যাদি?
- কী ধরনের অলাভজনক অথবা সেবাদানকারী সংস্থা আপনাদের কমিউনিটিকে সেবা দান করে? সেখানে কী বৃহৎ নিয়োগদাতা রয়েছে? সেখানে কী বহু ক্ষুদ্র ব্যবসা রয়েছে?
- আপনাদের কমিউনিটি একীভূত হবার ক্ষেত্রে কোন ইতিহাস রয়েছে কি? কীভাবে আপনাদের কমিউনিটি সময়ের সাথে সাথে বিবর্তিত হয়েছে?

নমুন লিপি

আমার কমিউনিটি অবস্থিত:

অফিসিয়াল ডিস্ট্রিক্ট ম্যাপ বা আনুষ্ঠানিক জেলা মানচিত্র অংকনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিগণকে জানতে হবে আপনার কমিউনিটি সত্যিকারভাবে কোথায় অবস্থিত রয়েছে, যাতে করে তাঁরা এটিকে অখণ্ড এবং একই ডিস্ট্রিক্ট বা জেলারঅন্তর্ভূক্ত রাখতে পারেন। **এখানে কিছু প্রশ্নাবলি রয়েছে যা সাহায্য করবে আপনার কমিউনিটির অবস্থান বর্ণনা করতে**।

- কোন কোন স সড়ক অথবা সীমানা আপনার কমিউনিটির সীমারেখা অংকন করে?
- উল্লেখযোগ্য কী কী বৈশিষ্ট্যি রয়েছেঃ নদী, পার্ক,শপিং এলাকা, ঐতিহাসিক নিদর্শনসমূহ, ইত্যাদি?
- কী কী মেলামেশার স্থান এবং সেবাদানকারী সংস্থা রয়েছেঃ স্কুল, কমিউনিটি সেন্টার, ধর্মীয় স্থান, এবং সামাজিক সেবা সংস্থা?
- বর্তমান রাজনৈতিক ডিস্ট্রিক্ট সীমারেখা কী আপনার কমিউনিটিকে বিভক্ত করে রেখেছে? অথবা এগুলো কী আপনার কমিউনিটিকে একীভূত রেখেছে?

আপনি আপনার কমিউনিটিক বর্ননা করতে পারেন কীভাবে আপনার কমিউনিটি আপনার আশেপাশের অন্যান্য কমিউনিটি ও পাড়া থেকে ভিন্ন অথবা একই রকম।

আমার কমিউনিটি এই সকল পাড়ার মত:

আমার কমিউনিটি এই সকল পাড়া থেকে ভিন্ন:

নমুন লিপি

কোন দিকগুলো আমার কমিউনিটিকে বিশেষায়িত করে:

কমিউনিটির ইস্যু এবং ঐতিহাসিক ঘটনা (সম্ভব হলে, ব্যক্তিগত গল্প বলুন) যা কেন এমন নির্বাচিত অফিসার লাগবে যারা কমিউনিটির প্রয়োজনগুলো বুঝবেন এবং সে অনুযায়ী কাজ করবেন তার গুরুত্ব তুলে ধরবে। **কমিউনিটির স্বার্থ বিষয়ক গল্প এবং তথ্য-উপাত্ত তুলে ধরুন** এটি দেখানোর জন্য যে কেন নির্বাচিত প্রতিনিধিদের আপনার কমিউনিটির কথা শোনা দরকার।

- আপনার কমিউনিটি কি কোন গুরুত্বপূর্ণ সেবার ব্যাপারে কথা বলার জন্য একত্রিত হয়েছে, যেমন বিভিন্ন ভাষায়অনূদিত তথ্যাবলি, কিংবা আপনার পাড়ায় স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ?
- আপনারা কী একত্রে কোন বিজয় অর্জন করেছেন, কিংবা একত্রে কোন ঐতিহ্য নির্মাণ করেছেন?
- আপনাদের কথা অবমূল্যায়ন করার জন্য কী কী ক্ষতি সাধিত হয়েছে, যেমন নিকটবর্তী কোন উদ্ভিদ অথবা হাইওয়ের কারণে স্বাস্থ্য অবনতি? এই সমস্যাগুলো সমাধানের কী কী অন্তরায় রয়েছে?

পরিশেষ...

নতুন ডিস্ট্রিক্ট বা জেলা মানচিত্রে কেন আপনার কমিউনিটিকে একীভূত রাখা গুরুত্বপূর্ণ তার উপর জোর দিন। ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাস বা পুনঃ জেলাকরণ কমিটির (সিটি কাউন্সিল, স্কুলবোর্ড, কমিশন, ইত্যাদি) সদস্যগণকে ধন্যবাদ জানান, তাদের কাছে লিখিত প্রামাণিক সাক্ষ্য ও উপাত্ত উপস্থাপন করুন, উপস্থিত কমিউনিটি সদস্যগণ ও সহকর্মীগণকে মূল্যায়ন করুন, এবং আপনার লক্ষ্য পুনর্ব্যক্ত করুন।